**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ**
**ঢাকা**

নং- ১৯.০০.০০০০.৫৩০.৩৩.০০০.২২ ০৬ সেপ্টেম্বর ২০২২

**বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের আগষ্ট ২০২২-এর মাসিক প্রতিবেদন**

গত আগষ্ট ২০২২-সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

**বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট সেবা চালুকরণঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এবং মিশনসমূহের সাথে সার্বিক সমন্বয় সাধন করে এখন পর্যন্ত ১৭ টি বাংলাদেশ মিশনে ই পাসপোর্ট সেবা চালু করা হয়েছে। উল্লেখ্য, পর্যায়ক্রমে বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনসমূহে যথাশীঘ্র ই-পাসপোর্ট সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দোহা, জেনেভা, হেগ, ওয়ারশ, হ্যানয়, থিম্পু, কলম্বো, রাবাত, নিউ দিল্লি, মুম্বাই, চেন্নাই, আগরতলা, কলকাতা, গোয়াহাটি, করাচি, ইসলামাবাদ, লন্ডন, বার্মিংহাম, ম্যানচেস্টার, ক্যানবেরা, সিডনি এবং মেক্সিকো মিশনে ই-পাসপোর্ট চালুর ব্যাপারে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা হচ্ছে।

০২. **সমন্বয় সভার আয়োজনঃ** ক. বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসগুলোতে পাসপোর্ট ডেলিভারি, পুলিশের বিশেষ শাখা কর্তৃক তদন্ত প্রতিবেদন, ই-পাসপোর্ট, পাকিস্তান ও আফ্রিকান নাগরিকদের ভিসা ইস্যু, নো ভিসা রিকোয়ার্ড সিল, দ্বৈত নাগরিকত্ব সনদ এবং জন্ম-মৃত্যু নিবন্ধন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নিয়ে ০৪ আগষ্ট ২০২২তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, পুলিশের বিশেষ শাখা, জন্ম ও মৃত্যু নিবন্ধকের কার্যালয় এবং আফ্রিকার বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের সাথে একটি সমন্বয় সভার আয়োজন করা হয়।

খ. পাওয়ার দাতার বৈধ পাসপোর্টের প্রয়োজনীয়তা, পাসপোর্ট অধিদপ্তরে অনিষ্পন্ন আবেদন, এমআরপি সংশোধনে জটিলতা, দ্বৈত নাগরিকত্ব, ই-পাসপোর্ট, ভিসা ওয়েবসাইট, জন্ম নিবন্ধন সংক্রান্ত জটিলতা, জাতীয় পরিচয়পত্র সংশোধন এবং জনবল সংকট ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নিয়ে ২৮ আগষ্ট ২০২২ তারিখে লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

০৩. **দলিলাদি সত্যায়নঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এ অনুবিভাগ বিদেশ গমনেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যু সনদ, পুলিশ ক্লিয়ারেন্স সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও রিইস্যু করে থাকে। এরই ধারাবাহিকতায় আগষ্ট -২০২২ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ১,৫৮,৪৩৮ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

| নং | সেবার ধরণ/নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন | ৯৬৪১২ টি |
| ০২. | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন | ৫৭৬ টি |
| ০৩. | আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই | ২০০ টি |
| ০৪. | শিক্ষা সনদ সত্যায়ন | ২৭৫৭০ টি |
| ০৫ | বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি ) সত্যায়ন | ৩৩৬৮০ টি |
| | **মোট সেবার সংখ্যা** | **১,৫৮,৪৩৮ টি** |

০৪. **ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে আগষ্ট ২০২২ মাসে ৩৯৬ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৫. **কূটনৈতিক পত্র ইস্যুঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি কার্যোপলক্ষ্যে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত আগষ্ট ২০২২ মাসে ১০৯৩ জন নাগরিকের জন্য ৩৩৮ টি Note Verbale (কূটনৈতিক পত্র) এবং ৫৪০ জন নাগরিকের জন্য ২২৫ টি Letter of Introduction (পরিচিতি পত্র) ইস্যু করা হয়েছে।

০৬. **কূটনৈতিক পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক আগষ্ট মাসে ৬১ টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ১০ টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৭. **সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ** ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ৫৭ টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৮. **অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ২৫ টি অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ প্রদান করেছে এবং ০৫ টি অফিসিয়াল পাসপোর্ট বাতিলের জন্য সনদ প্রদান করেছে।

০৯. **বাংলাদেশি নাগরিকগণের প্রত্যাবাসনঃ**

(ক) বিভিন্ন দেশ হতে ০৬ জন প্রবাসী বাংলাদেশি নাগরিকের মৃতদেহ আনার ব্যবস্থা করা হয়েছে।

(খ) প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন দেশে অবস্থানরত ৪৫ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব যাচাই এর জন্য মিশন কর্তৃক প্রেরিত আবেদনপত্রসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত ৫০ জন বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট বিভিন্ন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

(গ) লিবিয়া গমনেচ্ছু ৭৬ জন বাংলাদেশি নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু করা হয়েছে।

(ঘ) লিবিয়া থেকে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে ১৫৮ জন অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসন করা হয়েছে।

১০. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান।

১১. এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধিক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।

## <u>সেপ্টেম্বর - ২০২২ এর কর্ম-পরিকল্পনা</u>

ক) ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণের অংশ হিসেবে এখন পর্যন্ত ১৭ টি বাংলাদেশ মিশনে ই পাসপোর্ট সেবা চালু করা হয়েছে। পাইপলাইনে থাকা ২৩ টি মিশনে ই-পাসপোর্ট সেবা চালুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে সার্বিক সমন্বয় সাধন করা হবে।

খ) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

গ) বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

ঘ) লিবিয়া থেকে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসন করা হবে।

ঙ) বিদেশে মৃত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।

চ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন

ছ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণ

জ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ

ঝ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যান্য রুটিন কার্যাবলী সম্পাদন

06.09.22

(মোঃ আবু রায়হান)
সহকারী সচিব (কনস্যুলার ও এমআরপি)